

টিপাইমুখের পানি দেবো



ফজলুল হক সৈকত

আমরা এখন পানিবন্দি কিংবা কতক নজরবন্দি
পানি পাবো- টিপাইমুখের হোয়াংহো বা গঙ্গানদীর
পানি পাবো।
কতোরকম পানি আছে আমার কাছে তোমার কাছে
কাগজে বা মেটালপাত্রে
খালের পানি বিলের পানি চোখের পানি গ্লাসের পানি
চায়ের পানি
আরো কিছু পানি আছে :
ডাবের পানি জিবের পানি কচুপাতায় ভাসতে-থাকা
কাঁচের মতো শিশিরপানি
বৃষ্টির কিছু পানি আছে
ড্রেনের পানির গন্ধ আছে
বিয়ের পানির গল্প শুন।
পানি কিন্তু আছে মেঘে ফারাক্কাতোও আছে কিছু
আমার কিছু হিস্যা আছে ভাগ আছে তোমার কিছু
সবার কিন্তু তৃষ্ণা আছে : তোমার যেমন আমার
তেমন জমি কিছু পানি গিলে
মরার সময় মানুষ কিছু পানি পেলে ভালো লাগে
পানির কিন্তু দাবি আছে- পরের দাবি
নিজের দাবি? আছে না-কি!
গোল করো না মান করো না
টিপাইমুখের পানি পাবে : যেটুকু চাবে
পানি পাবে!
চোখের পানি লাগবে না-কি দেবো খানিক?
আরো কতো পানি আছে!
পানির অনেক গল্প আছে শুনবে না-কি?

ড. ফজলুল হক সৈকত, বিশ্ববিদ্যালয় শিক্ষক, কবি-কথানির্মাতা-প্রাবন্ধিক; রেডিও সংবাদ পাঠক; কলামলেখক।
ই-মেইল: snue90@yahoo.com, fsaikat26@gmail.com, ফোন: ০১৮২৪৫১৬০৮৮

লেখকের আগের লেখাগুলো পড়তে এখানে [টোকা মারুন](#)